

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৮৩. জ্ঞানই শান্তির চাবিকাঠি

জ্ঞান ও সহজ প্রকৃতি হল দু'জন অবিচ্ছেদ্য সঙ্গীর মত; যদি প্রথমটি (জ্ঞান) বর্তমান থাকে তবে দ্বিতীয়টিও (সহজ প্রকৃতিও)-এর সঙ্গী (জ্ঞানের সঙ্গী) হয় বলে মনে করা যায়। আপনি যদি ইসলামের মহান পণ্ডিতদের (আলেমদের) জীবনী নিয়ে গবেষণা করে দেখেন তবে আপনি দেখবেন যে, তারা সাধারণ জীবন-যাপন করতেন এবং তারা আচার-আচরণে, কায়-কারবারে ও লেন-দেনে সহজ ছিলেন, তারা জীবনের (আসল/প্রকৃত) উদ্দেশ্য বুঝতে পেরেছিলেন এবং কোন বিষয় সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ এবং কোন বিষয় কম গুরুত্বপূর্ণ তারা তা জানতেন। যাহোক, আপনি দেখতে পাবেন যে, জ্ঞান না থাকার কারণে কঠোর তপস্বীরাই সবচেয়ে বেশি গোয়ার। তারা নাযিলকৃত কিতাবাদিকে (অবতীর্ণ পুস্তকাবলীকে) ভুল বুঝেছে এবং তারা ধর্মীয় বিষয়াবলীতে অজ্ঞ। খারিজীদের দুঃখ-দুর্দশার মূল কারণ হল জ্ঞান এবং বুঝের স্বল্পতা, তারা এ বিষয় বুঝতে পরিচালিত হয়নি যে, এমন কিছু বিষয় আছে যেগুলো আমাদের দ্বীনে (ধর্মে) প্রধান এবং সেগুলো অন্যান্য বিষয়ের উপর প্রাধান্য বিস্তার করেছে। আর এ কারণেই তারা অপ্রধান বিষয়ে উৎকর্ষতা অর্জন করেছে, যখন নাকি গুরুত্বপূর্ণ বিষয়ে তারা শোচনীয়ভাবে ব্যর্থ হয়েছে- মূল বিষয়াদির কথা তো বাদই থাকল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7791

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন